

২০২১

বাংলা

(অনার্স)

(সি বি সি এস পদ্ধতি অনুযায়ী নতুন পাঠক্রম)

ষষ্ঠ সেমেস্টার

কোর্স কোড : BENG-H-CC-T-14

(সংস্কৃত সাহিত্যের ইতিহাস, ইংরেজি সাহিত্যের ইতিহাস ও লোকসাহিত্য)

পূর্ণমান : ৬০

সময় : ২:৩০ ঘন্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যা প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় হওয়া বাঞ্ছনীয়।

বিঃ দ্রঃ- A4 সাইজ কাগজের ১০ থেকে ১২ পৃষ্ঠার মধ্যে উত্তর লেখা বাঞ্ছনীয়।

১। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও : $২ \times ১০ = ২০$

- ক) 'ছড়া' শব্দটি কোন্ শব্দ থেকে এসেছে? 'খুকুমণির ছড়া'র সম্পাদক কে?
- খ) 'মুচ্ছকটিক' নাটকটির ক'টি অঙ্ক এবং 'মুচ্ছকটিক' শব্দের অর্থ কী?
- গ) জর্জ বার্নার্ড শ রচিত চারটি নাটকের নাম উল্লেখ করো।
- ঘ) 'লিরিক্যাল ব্যালাডস' কত সালে এবং কাদের সম্পাদনায় প্রকাশিত হয়?

(পরের পাতায়)

- ঙ) একটি প্রকৃতি বিষয়ক প্রবাদ এবং একটি চরিত্রনীতি বিষয়ক প্রবাদের দৃষ্টান্ত দাও।
- চ) ভাটিয়ালি সম্পর্কে যা জানো সংক্ষেপে লেখো।
- ছ) 'হর্ষচরিত' কোন্ শ্রেণির গ্রন্থ এবং এই গ্রন্থটিতে কোন্ কাহিনি গুরুত্ব পেয়েছে?
- জ) ভবভূতির রচিত নাটকগুলির নাম উল্লেখ করো।
- ঝ) চারটি লোকগীতির উদাহরণ দাও।
- ঞ) শেক্সপীয়রের লেখা শেষ নাটকটির নাম কী? এই নাটকটির দু'টি চরিত্রের নাম লেখো।
- ট) ভাসের 'অভিষেক' নাটকে রামায়ণের কোন্ কোন্ কাণ্ড অনুসৃত হয়েছে?
- ঠ) বাংলার গীতিকাগুলি প্রধানত ক'টি শ্রেণিতে বিন্যস্ত? সেগুলি কী কী?
- ড) 'টু এ স্কাইলার্ক', 'ওড টু এ নাইটিঙ্গেল', 'দি সলিটারি রিপার', 'এন্ডিমিয়ন' — কবিতাগুলির রচয়িতার নাম উল্লেখ করো।
- ঢ) 'মেঘদূত' কী জাতীয় কাব্য? এই কাব্যটি কালিদাস কোন্ ছন্দে লেখেন?
- ণ) টি.এস.এলিয়টের প্রভাব বাংলা কাব্যসাহিত্যে কোন্ কোন্ কবির ক্ষেত্রে দেখতে পাওয়া যায়, তা উল্লেখ করো।

২। যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : $৫ \times ৪ = ২০$

- ক) ট্রাজেডি রচয়িতা হিসাবে শেক্সপীয়রের কৃতিত্ব বিচার করো।

- খ) ‘গীতিকা’র বৈশিষ্ট্যগুলি আলোচনা করো।
- গ) মহাভারতের কাহিনি অবলম্বনে রচিত নাটকগুলির আলোকে ভাসের নাট্যকৃতিত্ব সংক্ষেপে আলোচনা করো।
- ঘ) লৌকিক ছড়াতে সমাজ ও ইতিহাসের যে প্রতিফলন ঘটেছে তা উদাহরণসহ আলোচনা করো।
- ঙ) বাণভট্টের শ্রেষ্ঠ রচনা কোনটি এবং কেন তা বিচার করে দেখাও।
- চ) টি.এস.এলিয়টের কাব্য বৈশিষ্ট্যগুলি উল্লেখ করো।
- ৩। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : $১০ \times ২ = ২০$
- ক) গীতিকাব্য হিসাবে জয়দেবের ‘গীতগোবিন্দ’ — এর সার্থকতা বিচার কর এবং বাংলা সাহিত্যে তাঁর প্রভাব বিষয়ে আলোচনা করো।
- খ) মহাকবি মিলটনের মহাকাব্যের আলোচনা করে তাঁর কবিপ্রতিভার পরিচয় দাও এবং বাংলা কাব্যসাহিত্যে তাঁর প্রভাব বিষয়ে আলোচনা করো।
- গ) প্রবাদ-প্রবচনের সংজ্ঞা নির্দেশ করো। প্রবাদের মধ্যে প্রকাশিত গ্রামীণ বঙ্গজীবনের পরিচয় দাও।
- ঘ) ঔপন্যাসিক চার্লস ডিকেন্সের উপন্যাস অবলম্বনে তাঁর বৈশিষ্ট্যগুলির মূল্যায়ন করে বাংলা সাহিত্যে তাঁর প্রভাব আলোচনা করো।
